

ই-কমার্সে অনলাইন মার্কেটিং

আনোয়ার হোসেন

একাধিক ক্যাম্পেইন বানানো ও ব্যবস্থাপনা করা

একটি অ্যাডওয়ার্ড অ্যাকাউন্টে থাকতে পারে ১০ হাজার ক্যাম্পেইন (সক্রিয় ও স্থগিত ক্যাম্পেইন মিলিয়ে), ২০ হাজার অ্যাড গ্রুপ প্রতি ক্যাম্পেইনে এবং ৫০টি টেক্সট অ্যাড প্রতি অ্যাড গ্রুপে। এই তথ্য অনেকেরই জানা নাও থাকতে পারে। সংখ্যার বিচারে এটি অনেক বড় পরিমাণ। এত বেশি অ্যাড ক্যাম্পেইন ব্যবস্থাপনা করাও বিশাল ঝঞ্ঝির কাজ। সৌভাগ্যবশত একজন ব্যবহারকারী সব ক্যাম্পেইন ও অ্যাডস তার অ্যাকাউন্টের শুধু দুটি জায়গা থেকেই ব্যবস্থাপনা করতে পারবেন। অ্যাডস ও ক্যাম্পেইন নামের ট্যাব (দুটিই প্রধান ক্যাম্পেইন ট্যাবের অধীনে) দিয়ে ক্যাম্পেইন, অ্যাডস দেখা ও এডিট করা যাবে। মাল্টিপল ক্যাম্পেইনের বেলায় সেটিং পরিবর্তন করা যাবে এবং বিদ্যমান অ্যাডের ওপর ভিত্তি করে নতুন অ্যাডও বানানো যাবে।

ক্যাম্পেইন ও অ্যাডস ট্যাবে কি করা যায়?

ক্যাম্পেইন ও অ্যাডস ট্যাব অ্যাকাউন্টের দুটি আলাদা জায়গা। এখানে অনেক কিছু করা যায়, বলা যায় অ্যাডওয়ার্ড অ্যাকাউন্টে অনেক সময় কাটানো যায়—এমন দুটি জায়গা হচ্ছে এগুলো। এখানে কয়েকটি কাজের কথা বলা হলো, যেগুলো এই দুই লোকেশনে করা যাবে।

- * এক পলকে খরচ থেকে শুরু করে ক্লিকসহ সবকিছু দেখা যায়।
- * বাজেট, ক্লিকস ও অন্যান্য পরিসংখ্যানের ওপর ভিত্তি করে ক্যাম্পেইন ও অ্যাডস শ্রেণী বিভাগ করা যায়।
- * পেস্জিল আইকনে ক্লিক করে ক্যাম্পেইন ও অ্যাডে সরাসরি পরিবর্তন আনা যায়।
- * এডিট ড্রপডাউন মেনুর মাধ্যমে মাল্টিপল ক্যাম্পেইন অথবা অ্যাডে পরিবর্তন করা যায়।
- * সেটিংয়ে পরিবর্তন আনা যায়।

ক্যাম্পেইন কপি করা

আপনি ইতোমধ্যেই কোনো সফল ক্যাম্পেইন সেটআপ করে থাকলে, সেটাকে সামনে রেখে পরের ক্যাম্পেইনটি শুরু করতে পারেন। এটা করার জন্য আপনাকে পুরনো সফল ক্যাম্পেইনটিকে কপি করে নিয়ে সেটাকে ইচ্ছেমতো মডিফাই বা পরিবর্তন করে নিতে হবে। এভাবে একই কাঠামো, অ্যাড গ্রুপ, অ্যাডস এবং কিওয়ার্ডের জন্য সেটিং ইত্যাদি ব্যবহার করে নতুন ক্যাম্পেইন শুরু করতে পারেন।

ক্যাম্পেইন কপি করতে

০১. অ্যাডওয়ার্ডস অ্যাকাউন্টে সাইন-ইন করতে হবে (<https://adwords.google.co.uk>)
 ০২. ক্যাম্পেইন ট্যাবে ক্লিক করতে হবে।
 ০৩. ক্যাম্পেইনের পাশের বক্স যেটা আপনি কপি করতে চান, সেটা সিলেক্ট করুন।
 ০৪. এডিট মেনু থেকে কপি করুন।
 ০৫. এডিট মেনু থেকে পেস্ট করুন।
- অরিজিনাল ক্যাম্পেইনের মতো সেটিং ও কাঠামোসহ একটি নতুন ক্যাম্পেইন পাওয়া যাবে। তবে আপনি যদি দুটো ক্যাম্পেইন একসাথে সক্রিয় করে দেন, তাহলে পরের ক্যাম্পেইনটিকে আর ক্যাম্পেইন বলা যাবে না। যেহেতু এর সাথে কিওয়ার্ড বা অ্যাড হিস্ট্রি নেই, তাই দুটো ক্যাম্পেইন চালু রাখতে চাইলে অরিজিনাল ক্যাম্পেইনটিকে রেখে দেয়া যেতে পারে। সে ক্ষেত্রে এটি তার পুরনো অ্যাড হিস্ট্রি, যা এটি ইতোমধ্যে সংগ্রহ করেছে তা নিয়ে চলতে থাকবে আর নতুনটিকে মডিফাই করে ব্যবহার করা যেতে পারে।

একসাথে মাল্টিপল ক্যাম্পেইন সেটিং পরিবর্তন করা

ক্যাম্পেইন ট্যাবে একসাথে একাধিক ক্যাম্পেইন অথবা একটি একটি করে ক্যাম্পেইন এডিট করা যাবে। মাল্টিপল ক্যাম্পেইনে যেসব পরিবর্তন আনা যাবে, তার একটি তালিকা নিচে দেয়া হলো।

- * স্ট্যাটাস।
- * লোকেশন টার্গেটিং।
- * বাজেট।
- * ক্যাম্পেইন শেষ হওয়ার তারিখ।
- * অ্যাড রোটেশন।
- * ডেলিভারি মেথড।
- * অ্যাড শিডিউল।

মাল্টিপল ক্যাম্পেইনের সেটিং পরিবর্তনের জন্য যা করতে হবে

০১. গুগল অ্যাকাউন্টে সাইন-ইন করতে হবে (<https://adwords.google.co.uk>)
০২. অল ক্যাম্পেইন পেজ থেকে সেটিংস ট্যাবে ক্লিক করতে হবে।
০৩. ক্যাম্পেইনের পাশের চেক বক্স সিলেক্ট করতে হবে, যার সেটিং পরিবর্তন

করতে চাচ্ছেন।

০৪. টেবিলের ওপরে থাকা এডিট ড্রপডাউন মেনুতে ক্লিক করতে হবে।
০৫. পছন্দের সেটিং বেছে নিতে হবে ক্যাম্পেইনগুলোর জন্য, যা আপনি চাচ্ছেন। অডিশনাল সেটিং থেকে অন্য সব অপশন বেছে নিতে পারেন।

ক্যাম্পেইন ও অ্যাডস সাজিয়ে রাখা

ক্যাম্পেইন বা অ্যাডস সাজানোর জন্য যে কলাম সাজাতে চাচ্ছেন, সেটার হেডিংয়ে ক্লিক করতে হবে। কলামগুলোর ভিন্ন ভিন্ন সাজানোর নিয়ম থাকতে পারে। যেমন— আপনি যদি ক্যাম্পেইনের ক্যাম্পেইন কলামে ক্লিক করেন, তবে সেটা অ্যালফাবেটিক্যালি বা রিভার্স অ্যালফাবেটিক্যালি সাজানো হয়ে যাবে। আবার যখন সংখ্যাগত বিভিন্ন পরিসংখ্যান আছে এমন কলামে ক্লিক করেন, সেটা ছোট বা বড় সংখ্যার ভিত্তিতে সাজিয়ে দেয়া হবে।

ডিসপ্লে নেটওয়ার্ক ক্যাম্পেইনের পরিকল্পনা করা

ডিসপ্লে প্ল্যানার একটি ফ্রি অ্যাডওয়ার্ড টুল, যা দিয়ে ডিসপ্লে নেটওয়ার্ক অ্যাড ক্যাম্পেইনের পরিকল্পনার কাজে ব্যবহার করা যায়। আরম্ভ করার জন্য কিছু বেসিক জিনিস লাগবে, যেমন— আপনার ক্রেতাদের পছন্দ অথবা আপনার ল্যান্ডিং পেজ। বাকি কাজ ডিসপ্লে প্ল্যানারের। এটি আপনাকে ইম্প্রেশন ও হিস্ট্রিক্যাল কন্সট অনুসারে টার্গেটিং আইডিয়া জেনারেট করে দেবে। আপনি সে পরিকল্পনাটি সরাসরি অ্যাডওয়ার্ড অ্যাকাউন্টে সম্পূর্ণ নতুন ক্যাম্পেইন হিসেবে অথবা বিদ্যমান ক্যাম্পেইনের বাড়তি সংযুক্তি হিসেবে অথবা অ্যাড গ্রুপে সেভ করে রাখতে পারেন। এমনকি আপনি চাইলে পরিকল্পনা রিভিউ করে দেখার জন্য ডাউনলোডও করে রাখতে পারেন।

কোনো ডিসপ্লে প্ল্যানারের ব্যবহার

- * আরম্ভ করার আইডিয়া পাওয়ার জন্য আপনার ক্যাম্পেইনের জন্য কিওয়ার্ড, প্লেসমেন্ট ইত্যাদি বিষয়গুলো সম্পর্কে স্পষ্ট ধারণা থাকতে হয়। ডিসপ্লে নেটওয়ার্ক টার্গেটিং মেথড ক্যাম্পেইনের জন্য এসব বিষয়ে ধারণা পেতে সাহায্য করবে।
- * সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য ইম্প্রেশন ও হিস্ট্রিক্যাল কন্সট সম্পর্কে ধারণা করা। হিস্ট্রিক্যাল কন্সট বাজেটের মধ্যে আপনার আইডিয়ার সাথে সামঞ্জস্য রেখে পরিকল্পনা করতে সাহায্য করবে।
- * পরিকল্পনা শেয়ার করতে। এখান থেকে পরিকল্পনা ডাউনলোড করে বন্ধুবান্ধব ও কলিগদের সাথে শেয়ার করা যায়। এতে করে পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনার সুযোগ হয় এবং পরিকল্পনাকে আরও ভালোভাবে তৈরি করা যায়।

ফিডব্যাক : hossain.anower009@gmail.com